

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ jpuf38@yahoo.com

স্মারক নং-৪১.০২.০০০০.০১০.০৩.৪৮০.২০১৪(অংশ-১)-৭৮

০২ মাঘ ১৪২৯
২৫ জানুয়ারি ২০২৩

বিষয়ঃ প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা সংক্রান্ত।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কতিপয় কর্মকর্তা/কর্মচারী বিনানুমতিতে ছুটিভোগসহ কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন্দ্রের সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে। ফলশ্রুতিতে একদিকে যেমন সরকারি অফিসের ভাবমূর্তি নষ্ট হচ্ছে অপরদিকে দাপ্তরিক শৃঙ্খলাভঙ্গসহ কার্যালয়ের পরিবেশ নষ্ট হচ্ছে এবং কেন্দ্রে আগত সেবা গ্রহীতারা বিশেষ করে প্রতিবন্ধী শিশু/ব্যক্তিবর্গ তাদের প্রাপ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। দেশের সকল অঞ্চলের প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন ও সেবা প্রদানের লক্ষ্যে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা আবশ্যিক।

২। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর নিয়ন্ত্রণাধীন সকল প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম সুষ্ঠু ও সূচারুপে সম্পন্ন করার লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীগণ যথাসময়ে অফিসে উপস্থিত হয়ে দাপ্তরিক দায়িত্ব পালন করবেন ও সরকারি বিধি বিধান যথাযথভাবে প্রতিপালন করবেন। ব্যক্তিগত কারণে ছুটির প্রয়োজন হলে প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রধান কার্যালয়ের পূর্ব অনুমোদন/অনুমতি গ্রহণ করবেন এবং জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারকে বিষয়টি অবহিত করে কর্মস্থল ত্যাগ করবেন। কেন্দ্রের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তার নিকট হতে যথাযথ প্রক্রিয়ায় ছুটি অনুমোদনপূর্বক কর্মস্থল ত্যাগ করবেন এবং ছুটি ভোগ করবেন।

৩। এমতাবস্থায়, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতঃ প্রশাসনিক বিধি-বিধান ও সরকারি নিয়ম নীতি যথাযথভাবে প্রতিপালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় দাপ্তরিক শৃঙ্খলাভঙ্গের কারণে অভিযুক্ত কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মোঃ রুহুল আমিন খান)
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
☎ ৮০৩৫০৫২

প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা

প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র

সকল (১০৩ টি)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
৩. জেলা প্রশাসক, জেলা-----।
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
৫. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
৭. উপপরিচালক (সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
৮. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-----।
৯. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জেলা-----।
১০. সহকারী পরিচালক (সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
১২. ব্যক্তিগত কর্মকর্তা (সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
১৩. প্রশাসনিক কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
১৪. অডিট অফিসার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
১৫. অফিস কপি।